গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২

**প্রজ্ঞাপন**

২০ অক্টোবর, ২০১৬ খ্রি., ০৫ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ

নম্বর-২২.০০.০০০০.০৭৩.৩৫.০০১.২০১৪-২০১, সিলেট জেলার জাফলং-ডাউকি নদী ও নদীর উভয় পাড় হতে ৫০০ মিটার প্রস্থের এলাকা এবং জাফলং-ডাউকি ও পিয়াইন নদীর মধ্যবর্তী খাসিয়াপুঞ্জিসহ মোট ১৪.৯৩ বর্গকিলোমিটার এলাকাকে প্রতিবেশগত সংকটাপন্ন এলাকা (ইসিএ) হিসেবে ঘোষণাকৃত এলাকার ব্যবস্থাপনা ও উন্নয়ন কার্যক্রম সমন্বয় করার লক্ষ্যে সরকার নিম্নরূপভাবে **'জাফলং-ডাউকি নদী ইসিএ ব্যবস্থাপনা কমিটি'** গঠন করেছে :

(ক) **কমিটির গঠন :**

(১) বিভাগীয় কমিশনার, সিলেট - সভাপতি
(২) জেলা প্রশাসক, সিলেট - সদস্য
(৩) পুলিশ সুপার, সিলেট - সদস্য
(৪) উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট - সদস্য
(৫) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট - সদস্য
(৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট - সদস্য
(৭) বিআইডব্লিউটিএ এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী - সদস্য
(৮) বিডব্লিউডিবি এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী - সদস্য
(৯) খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর প্রতিনিধি (উপপরিচালকের নিম্নে নয়) - সদস্য
(১০) জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, সিলেট - সদস্য
(১১) উপরিচালক, তথ্য অধিদপ্তর, সিলেট - সদস্য
(১২) সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট, সিলেট - সদস্য
(১৩) অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট - সদস্য
(১৪) কমিটির সভাপতি কর্তৃক মনোনীত - সদস্য
(ক) সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রাতিষ্ঠানিক বিশেষজ্ঞ (বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক)-১ জন
(খ) প্রাকৃতিক সম্পদ বিশেষজ্ঞ (সরকারি কলেজের সহযোগী অধ্যাপকের নিম্নে নয়, এমন একজন শিক্ষক)-১ জন
(গ) সংশ্লিষ্ট এনজিও প্রতিনিধি-১ জন
(ঘ) স্থানীয় কমিউনিটি প্রতিনিধি-২ জন
(১৫) সভাপতি, প্রেসক্লাব, সিলেট - সদস্য
(১৬) পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর - সদস্য-সচিব।

(খ) **কমিটির কার্যপরিধি :**

ক. ইসিএ ঘোষণা, এতদ্সংক্রান্ত পরিকল্পনা ও ব্যবস্থাপনার জন্য নীতিমালা প্রণয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;
খ. জাফলং-ডাউকি নদীর ইসিএ ব্যবস্থাপনা পরিকল্পনা পর্যালোচনা ও অনুমোদন এবং ব্যবস্থাপনা অগ্রগতি পরিবীক্ষণ;
গ. জাফলং-ডাউকি নদীর সাথে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, অধিদপ্তর, সংস্থা, বেসরকারি প্রতিষ্ঠান (এনজিও) এবং নাগরিক প্রতিষ্ঠানগুলোর সঙ্গে যথাযথ পর্যায়ে সমন্বয় রক্ষা করা;
ঘ. জাফলং-ডাউকি নদীর পরিবেশগত অবস্থা ও উন্নতি পরিবীক্ষণ ও মূল্যায়ন করা;
ঙ. জাফলং-ডাউকি নদীর উন্নয়নে গৃহীত প্রকল্প, গবেষণা, তথ্য সংগ্রহ, মনিটরিং ইত্যাদি কার্যক্রমের অগ্রাধিকার নির্ধারণ ও সমন্বয় সাধন করা।

০২। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২০/১০/১৬
(খোরশেদা ইয়াসমীন)
উপসচিব
ফোন : ৯৫৭০০১৭

উপপরিচালক
বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।
(প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)

(চলমান পাতা/২)

বিতরণ :

১। বিভাগীয় কমিশনার, সিলেট।
২। জেলা প্রশাসক, সিলেট।
৩। পুলিশ সুপার, সিলেট।
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
৫। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট।
৭। বিআইডব্লিউটিএ এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী।
৮। বিডব্লিউডিবি এর সংশ্লিষ্ট এলাকার নির্বাহী প্রকৌশলী।
৯। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর প্রতিনিধি।
১০। জেলা মৎস্য কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, সিলেট।
১১। উপরিচালক, তথ্য অধিদপ্তর, সিলেট।
১২। সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট, সিলেট।
১৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
১৪। কমিটির সভাপতি কর্তৃক মনোনীত (৫জন)।
১৫। সভাপতি, প্রেসক্লাব, সিলেট।
১৬। পরিচালক, সিলেট বিভাগীয় কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, আগারগাঁও, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়
৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (পরিবেশ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিবেশ ও বন মন্ত্রণালয়।